মেহেরপুরে শ্রী কৃষ্ণের জন্মাষ্টমীতে আলোচনা সভা ও প্রার্থনা অনুষ্ঠিত

মেহেরপুরে সনাতন ধর্মাবলম্বীদের যুগবতার ভগবান শ্রী কৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে আলোচনা সভা ও প্রার্থনা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টায় ধর্ম মন্ত্রণালয়ের অধিনস্ত হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট মেহেরপুর জেলা শাখার আয়োজনে মেহেরপুর শহরের মল্লিক পাড়ায় মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, মেহেরপুরের সহকারী পরিচালকের কার্যালয়ে এই প্রার্থণা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এড. শম্ভুনাথ রায়ের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামিম হোসেন। জয়ন্ত কুমার সাহার সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ পুজা উৎযাপন কমিটি মেহেরপুর জেলা শাখার নেতৃবৃন্দ এবং মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, মেহেরপুরের সাথে সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীরা।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মোঃ শামিম হোসেন বলেন, ‘আমাদের দেশে আগে হিন্দু মুসলিম সম্প্রীতির যে দৃঢ় বন্ধন ছিলো মাঝে কিছু কারণে সে বন্ধনের দৃঢ়তা কমে গিয়েছিল, শেখ হাসিনার নেওয়া বিভিন্ন পদক্ষেপে এই বন্ধন আবার দৃঢ় হচ্ছে। আমাদের সন্তানদের জাত পাত ও ধর্মীয় বিভেদের উর্ধ্বে রেখে মানুষ হিসেবে গড়ে তেলার দ্বায়িত্ব আমাদেরই। ‘

পরে দেশ ও জাতির মঙ্গল কামনা করে জন্মাষ্টমী উপলক্ষে গীতাপাঠ, পুজার্চনাসহ ধর্মীয় রীতিতে প্রার্থনা করা হয়।